দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 4 2 1999 ... ...
পৃষ্ঠা ৭৮ ... কলাম ... ...

106

# আইবিএম কম্পিউটারের শিক্ষা কেন্দ্র বাংলাদেশে চালু হইতেছে

ইত্তেফাক রিপোর্ট ॥ বিশ্ববিখ্যাত কম্পিউটার উৎপাদনকারী প্রতিষ্ঠান আইবিএম-এর অনুমোদিত শিক্ষাকেন্দ্র বাংলাদেশে চালু হইতেছে। কম্পিউটার সফটওয়্যার বিশেষজ্ঞ তৈরীর

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## আইবিএম কম্পিউটার

(শেষ পৃষ্ঠার পর)

আন্তর্জাতিক মানের শিক্ষা ব্যবস্থা এই কেন্দ্র হইতে দেওয়া হইবে। এই শিক্ষাকেন্দ্র প্রতিষ্ঠার ক্ষেত্রে আইবিএম-এর অংশীদার হইতেছে ইন্টারগ্লোবাল বিজনেস সিস্টেমস।

গতকাল (সোমবার) ঢাকা ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই কথা জানানো হয়। এ সময় বক্তব্য রাখেন বেলজিয়ামের আইবিএম লারনিং সার্ভিসের মহাব্যবস্থাপক ডেভিড থমাস, ফিলিপাইনের আইবিএম লারনিং সার্ভিসের মহাব্যবস্থাপক রয় আবেসামিস, আসিয়ান ও দক্ষিণ এশিয়ার আইবিএম লারনিং সার্ভিসের ব্যবস্থাপক শোনৃনা লী, আইবিএম-এর কান্ট্রি ম্যানেজার সাজ্জাদ হোসাইন, ইন্টারগ্লোবাল বিজনেস সিস্টেমস-এর চেয়ারম্যান রেজা হোসাইন এবং ব্যবস্থাপনা পরিচালক আসিফ হোসাইন।

আসিফ হোসাইন জানান, আইবিএম-এর সক্রিয় সহযোগিতায় প্রতিষ্ঠিত এই শিক্ষাকেন্দ্র বাংলাদেশে সফটওয়্যার বিশেষজ্ঞ তৈরীর ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করিবে। এই শিক্ষাকেন্দ্র হইতে প্রশিক্ষণপ্রাপ্তরা আইবিএম-এর সার্টিফিকেট পাইবে এবং এই সার্টিফিকেট বিশ্বব্যাপী স্বীকৃতি পাইবে। তিনি বলেন, পান্থপথে প্রাথমিকভাবে এই শিক্ষাকেন্দ্র শিগগিরই কাজ শুরু করিবে।

ডেভিড থমাস বলেন, বিশ্বে দ্রুত তথ্য প্রযুক্তির গুরুত্ব বাড়িতেছে। বিশ্বের চাহিদা মিটানোর জন্য প্রতিবছরই প্রোগ্রামারের বিপুল চাহিদা সৃষ্টি হয়। উন্নত দেশ এই চাহিদা মিটাইতে সক্ষম নয়। মূলতঃ ভারত, ইসরাইল এবং আয়ারল্যান্ড এই চাহিদা পূরণ করে। তবে এই দেশগুলিতে ক্রমেই প্রোগ্রামার তৈরী ব্যয়বহুল হইয়া যাইতেছে। বাংলাদেশসহ স্বল্প উন্নত ও উন্নয়নশীল দেশগুলি এই সুযোগ গ্রহণ করিতে পারে। বিশেষ করিয়া বাংলাদেশের বিশাল সম্ভাবনা রহিয়াছে। সরকারও এই খাতকে 'থ্রাস্ট সেক্টর' হিসাবে ঘোষণা দিয়াছে। তিনি বলেন, আইবিএম অনুমোদিত এই শিক্ষাকেন্দ্র এক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখিতে পারিবে।

রেজা হোসাইন বলেন, এই শিক্ষাকেন্দ্র সাধারণ কম্পিউটার শিক্ষা প্রদান করিবে না, বরং বিভিন্ন ক্ষেত্রে বিশেষায়িত শিক্ষা দেওয়া হইবে। মোট ৭টি কারিকুলাম এই শিক্ষাকেন্দ্রে থাকিবে। প্রতিটির ক্ষেত্রেই আলাদা আলাদা সার্টিফিকেট দেওয়া হইবে।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আপাততঃ ঢাকায় একটি শিক্ষাকেন্দ্র থাকিবে। পরবর্তীতে চাহিদা থাকিলে অন্যান্য স্থানেও শাখা খোলা হইবে।

ডেভিড থমাস বলেন, বিশ্বের ৫৬টি দেশে আইবিএম অনুমোদিত শিক্ষাকেন্দ্র রহিয়াছে। এই কেন্দ্রগুলি হইতে প্রতি বছর উল্লেখযোগ্য পরিমাণ শিক্ষার্থী সরাসরি আইবিএম হইতে সার্টিফিকেট পাইয়া থাকে।

সাজ্জাদ হোসাইন বলেন, সফটওয়্যার রফতানীর মূল কাঁচামাল হইতেছে মানুষ। বাংলাদেশে এই ক্ষেত্রে সম্ভাবনা থাকিলেও সুযোগের অভাব রহিয়াছে। আইবিএম এই সুযোগ সৃষ্টিতে আগাইয়া আসিয়াছে।